গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেলপথ মন্ত্রণালয়

প্রশাসন-২ শাখা

www.mor.gov.bd

১৬ আব্দুল গণি রোড, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০০৮.০৫.০১১.২১.১৮৯ — তারিখ: ২৯ চৈত্র ১৪২৯ / ১২ এপ্রিল ২০২৩

বিষয়: **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নে নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৬.০৪.২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ৪র্থ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কার্যবিবরণীর ছায়ালিপি নির্দেশক্রমে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী (987/potrojariAttachmentRef/27328/0/142)।

১২-৪-২০২৩
মোঃ তৌফিক ইমাম
উপসচিব
ফোন: ৮৮০২-৪১০৫০২৪৩
ফ্যাক্স: ৭১১৫৫৯৯
ইমেইল: admin2@mor.gov.bd

বিতরণ :

১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে।
২) অতিরিক্ত সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়।
৩) যুগ্ম সচিব (সকল), রেলপথ মন্ত্রণালয়।
৪) সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।
৫) উপসচিব, প্রশাসন-৪ শাখা, রেলপথ মন্ত্রণালয়।
৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, রেলপথ মন্ত্রণালয় (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

স্মারক নম্বর: ৫৪.০০.০০০০.০০৮.০৫.০১১.২১.১৮৯/১(২) — তারিখ: ২৯ চৈত্র ১৪২৯ / ১২ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়
২) মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রী মহোদয়ের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়

১২-৪-২০২৩
মোঃ তৌফিক ইমাম
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mor.gov.bd

**বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়নে নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মো: হুমায়ুন কবীর<br>সচিব, রেলপথ মন্ত্রণালয় |
| তারিখ | : | ০৬/০৪/২০২৩ |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| সভার স্থান | : | রেলপথ মন্ত্রণালয়ের সভা কক্ষে (কক্ষ নং-৯৩০) |

**সভার উপস্থিতি:**

সভায় মহাপরিচালক বাংলাদেশ রেলওয়ে, রেলপথ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ, রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভার উপস্থিতি পরিশিষ্ট 'ক'- তে উপস্থাপন করা হলো।

২। **প্রারম্ভিক আলোচনা**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ২০২২-২৩ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কর্মকৌশল কোয়ার্টারভিত্তিক বাস্তবায়ন করে যথাযথ প্রমাণক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা দেন। তিনি সেবা গ্রহীতাকে নির্দিষ্ট সময়ে ও নির্ধারিত মূল্যে সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য সকলকে আহবান জানান।

২.২ সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয় বলেন, ইতোমধ্যে ২০২২-২৩ অর্থবছরের ৩য় কোয়ার্টারের শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুযায়ী সমস্ত কার্যক্রম নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা হয়েছে। তিনি বলেন, ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা পর্যালোচনা এবং করণীয় সর্ম্পকে আলোচনা করার জন্যই আজকে ৪র্থ কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা আয়োজন করা হয়েছে।

২.৩ সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২) ২০২২-২৩ অর্থবছরের নৈতিকতা কমিটির ৩য় সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। উপসচিব (প্রশাসন-২) সভাকে জানান, ৩য় কোয়ার্টারের সভায় ০৫টি সিদ্ধান্ত নেয়া হয়েছিলো এবং সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। উপস্থিত সদস্যবৃন্দ ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনায় অংশগ্রহণ করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

৩. আলোচ্য বিষয় ও আলোচনা, গৃহিত সিদ্ধান্ত এবং বাস্তবায়ন দায়িত্ব:

| ক্র: | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **অংশীজনের সভা:**<br>সভায় ২০২২-২৩ অর্থ বছরের বাংলাদেশ রেলওয়ের অংশীজন সভা আয়োজন বিষয়ে আলোচনা হয়। প্রতি প্রান্তিকে ০১টি করে মোট ০৪টি অংশীজন সভা আয়োজন করতে হবে। সভায় জানানো হয়, বাংলাদেশ | (ক) বাংলাদেশ রেলওয়ে ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ৪র্থ কোয়ার্টারের অংশীজন সভা আগামী ১৫ জুন, ২০২৩ এর মধ্যে ঢাকার বাইরে আয়োজন করবে। | মহাপরিচালক<br>বাংলাদেশ রেলওয়ে |

| | | | |
|---|---|---|---|
| | রেলওয়ে পূর্বাঞ্চলে ২য় কোয়ার্টারের অংশীজন সভা আয়োজন করে প্রমাণক হিসেবে সভার নোটিশ, কার্যবিবরণী, হাজিরা শীট দাখিল করেছে। | (খ) অংশীজন সভা অনুষ্ঠানের প্রমাণক হিসেবে সভার নোটিশ, কার্যবিবরণী, হাজিরা শীট দাখিল করতে হবে। | |
| ২. | **অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেট):**<br>সভায় মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার ২.২ এ বর্ণিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কোয়ার্টার ভিত্তিক লক্ষ্য অর্জন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (রাজস্ব এবং উন্নয়ন বাজেট) অনুযায়ী কোয়ার্টার ভিত্তিক লক্ষ্য অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয়। |
| ৩. | **প্রকল্পের পিএসসি সভা:**<br>সভায় জানানো হয় ৩য় কোয়ার্টারে পিএসসি সভা ১২টি অনুষ্ঠিত হয়েছে। | কোয়ার্টারভিত্তিক টার্গেট অনুযায়ী পিএসসি সভা আয়োজন করে প্রয়োজনীয় প্রমাণক দাখিল করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) রেলপথ মন্ত্রণালয়<br>২।যুগ্মসচিব (পরিকল্পনা), রেলপথ মন্ত্রণালয়। |
| 8. | **লোকোমোটিভে ফুয়েল ট্র্যাকার:**<br>সভায় জানানো হয় মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩.৩ এ জ্বালানী তেলের অপচয় রোধকল্পে ফুয়েল ট্র্যাকার সংযোজিত লোকোমোটিভ মনিটরিংয়ের কার্যক্রম নেয়া হয়েছে। এক্ষেত্রে ফুয়েল ট্র্যাকার সংযোজিত লোকোমোটিভের চলাচল মনিটরিং করে মাসভিত্তিক প্রতিবেদন দাখিলের ওপর সভায় গুরুত্বারোপ করা হয়। | ফুয়েল ট্র্যাকার সংযোজিত লোকোমোটিভের চলাচল মনিটরিং করে মাসভিত্তিক প্রতিবেদন দাখিল করতে হবে। | ১।মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br><br>২।যুগ্মসচিব (প্রশাসন) রেলপথ মন্ত্রণালয়। |
| ৫. | **ট্রেনে অন বোর্ড প্রদত্ত যাত্রীসেবা নিশ্চিতকরণ:**<br>সভায় বিভিন্ন ট্রেনে অনবোর্ড যাত্রীসেবা নিশ্চিত করণে আলোচনা হয়। সভায় জানানো হয় রেলপথ মন্ত্রণালয়ের ০৪ জন কর্মকর্তা ৩য় কোয়ার্টারে আকস্মিকভাবে ট্রেন চলাচলের সময় পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন। প্রাপ্ত পরিদর্শন প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয় এবং বিস্তারিত আলোচনা করা হয়। | (ক) ট্রেনে অনবোর্ড প্রদত্ত যাত্রীসেবা নিশ্চিতকরণে রেলপথ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ কর্তৃক প্রতি কোয়ার্টারে ন্যূনতম একটি ট্রেন আকস্মিকভাবে পরিদর্শন করতে হবে।<br><br>(খ) পরিদর্শন কালে ট্রেনের পরিস্কার-পরিচ্ছন্নতা, বিনাটিকেটে যাত্রী চলাচল প্রতিরোধ কার্যক্রম, নির্ধারিত মূল্যে ক্যান্টিনের খাবার বিক্রিসহ অন্যান্য অনবোর্ড প্রদত্ত যাত্রী সেবা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে।<br><br>(গ)পরিদর্শন প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য | (ক) যুগ্মসচিব (প্রশাসন-২)<br>(খ) উপসচিব (প্রশাসন-৬)<br>(গ)সকল কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়। |

| | | | |
|---|---|---|---|
| | | প্রতিবেদনের তথ্য মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ের নিকট প্রেরণ করতে হবে। | |

৪.০। সভাপতি চলতি ২০২২-২৩ অর্থ বছরের রেলপথ মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে বাস্তবায়ন অব্যাহত রাখার জন্য সকলকে অনুরোধ করেন। আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০/০৪/২০২৩

(ড. মো: হুমায়ুন কবীর)
সচিব
রেলপথ মন্ত্রণালয়